



নং : ১৫.৫৫.০০০০.০০২.২৫.০৭৪.১৭.১৬৫

৩১ মার্চ ২০২১

প্রেস রিলিজ

AIBD-HCM টাঙ্কফোর্সে বাংলাদেশের সক্রিয় অংশগ্রহণ ও স্বাস্থ্য-সাংবাদিকদের জন্য 'এআইবিডি' আয়োজিত প্রশিক্ষণ সমাপ্ত।

ইউনেস্কো, UNDP ও ITU এর পৃষ্ঠপোষকতায় ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত Asia-Pacific Institute for Broadcasting Development - AIBD যা এশিয়া প্যাসিফিক অঞ্চলের আন্তর্জাতিক এবং UN-ESCAP সদস্য-দেশসমূহের গণমাধ্যম উন্নয়ন সংস্থা হিসাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। বিশ্বের ৪৬টি দেশের ৯৩টি গণমাধ্যম সংস্থা 'এআইবিডি' এর সদস্য এবং এশিয়া, ইউরোপ, আফ্রিকা ও উত্তর আমেরিকার ৫০টিরও বেশি অংশিদার প্রতিষ্ঠান রয়েছে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ১৯৮০ সাল থেকে 'এআইবিডি' এর সদস্য। এছাড়া বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার মালয়েশিয়া ভিত্তিক এ সংস্থার সদস্য।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহায়তায়, 'এআইবিডি' আয়োজিত মাসব্যাপি স্বাস্থ্য – সাংবাদিকদের জন্য, স্বাস্থ্য-যোগাযোগ বিষয়ক প্রশিক্ষণ "AIBD 1-month Online Workshop/ Mentoring Session for Health Journalists and Content Creators" আয়োজন সমাপ্ত হয়েছে। বাংলাদেশের তিন প্রতিষ্ঠানসহ আসিয়ান, আফ্রিকা ও সার্ক অঞ্চলের বিভিন্ন গণমাধ্যম প্রতিষ্ঠান থেকে ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। কর্মশালার ই-সমাপনী অনুষ্ঠান ২৪ মার্চ ২০২১, এআইবিডি ডিরেক্টর Philomena Gnanapragasam এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি Mr Djordje Novakovic প্রধান অতিথি এবং AIBD-HCM টাঙ্কফোর্সের সদস্য ও স্বাস্থ্য যোগাযোগ বিশেষজ্ঞবৃন্দ বিশেষ অতিথি হিসাবে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

এআইবিডি একটি স্বাস্থ্য যোগাযোগ নির্দেশিকা প্রণয়নের পদক্ষেপ গ্রহণ করেছে। HCM - Health communication manual for media professionals বা গণমাধ্যমকর্মীদের জন্য স্বাস্থ্য যোগাযোগ নির্দেশিকা প্রণয়ন, একটি বছর-ব্যাপি কার্যক্রম। শ্রোতা-দর্শক-পাঠকের নিকট নির্ভরযোগ্য সূত্র থেকে স্বাস্থ্য বিষয়ক সঠিক বার্তা, পেশাগত দক্ষতার সাথে উপস্থাপনে, স্বাস্থ্য বিশেষজ্ঞ ও গণমাধ্যম কর্মীদের মধ্যে যোগসূত্র স্থাপন করবে AIBD-HCM।

বিশ্বের বিভিন্ন দেশের ১২ জন টাঙ্কফোর্স সদস্য স্বাস্থ্য যোগাযোগ নির্দেশিকা প্রণয়ন ও এ সংক্রান্ত সকল প্রশিক্ষণ, গবেষণা ইত্যাদি বিষয় তদারকি করেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের যথাযথ অনুমোদনক্রমে ও মহাপরিচালক শাহিন ইসলাম এর দক্ষ নেতৃত্বে, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, AIBD এর সক্রিয় সদস্য হিসেবে নির্দেশিকা প্রণয়নে যুক্ত হয়েছে এবং AIBD কর্তৃক গঠিত HCM টাঙ্কফোর্সে বাংলাদেশের প্রতিনিধিত্ব করছে। টাঙ্কফোর্সের সদস্যগণের মধ্যে রয়েছেন-

1. Mr Mohammad Abu Sadique, Deputy Director, National Institute of Mass Communication -NIMC, Bangladesh
2. Dr. Atul Tiwary, Assistant Director-General (News), AIR, India
3. Mr Ashok, Chief Editor, BBS, Bhutan
4. Dr. Kim Youngill, Manager IR, KBS, Republic of Korea
5. Dr. Azlina Daud, Deputy Director (Radio News), RTM, Malaysia
6. Mr Alex Reza, Head of International Relations, RTM, Malaysia
7. Ms Yurika, TVRI, Indonesia
8. Dr. Nik Norma Nik Hassan, USM, Malaysia
9. Ms Ugonma Cokey, Deputy Director, VON, Nigeria
10. Dr Michael James Penkunas – UNU, Malaysia
11. Dr Anne Felicia Ambrose, USA
12. Ms Janice Singh, FBC, Fiji

কর্মশালার ই-সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন এআইবিডি ডিরেক্টর Philomena Gnanapragasam, বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি ও Strategic and Risk Communication Expert - Mr Djordje Novakovic, MR K.P Madhu, Consultant, Dr Anne Felicia Ambrose, Director of Research, Montefiore Health System, USA।

এছাড়াও বিশেষ অতিথি হিসাবে সার্বিক কার্যক্রম পর্যালোচনা করেন, স্বাস্থ্য যোগাযোগ নির্দেশিকা প্রণয়ন সংক্রান্ত টাঙ্কফোর্স সদস্য ও জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের উপপরিচালক মোহাম্মদ আবু সাদেক ও Ugonma Cokey, Deputy Director - Training, Voice of Nigeria.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




NATIONAL INSTITUTE OF MASS COMMUNICATION
MINISTRY OF INFORMATION & BROADCASTING
Government of the People's Republic of Bangladesh

-২-

এআইবিডি এর প্রোগ্রাম ম্যানেজার মিস ফাতিমাহ লিজা সকল কার্যক্রম সমন্বয় করেন।

বক্তারা আশাবাদ ব্যাক্ত করেন - গুজব, ভুলতথ্য, অপতথ্য, আতংক, বৈষম্য, স্টিগমা ইত্যাদি প্রতিবন্ধকতা পেরিয়ে গণমানুষের কাছে সঠিক স্বাস্থ্য বার্তা পৌছাবে এবং এ অঞ্চলের মানুষের স্বাস্থ্য বিষয়ক যথাযথ তথ্য প্রদানে এ কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।


০১.৬.২০

আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ :

- ০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা
- ০২। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশে টিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। কার্যালয় নথি।